

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.১১.০০.০০১.২০১৫-২১৮

তারিখ: ০৯-০৯-২০১৮ খ্রি:


বিষয়: কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যানে -এ প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-সিবিএইচসি/ক:ক্রি:/প্রকি: প্লান-৮০/জিওবি/২০১৮-১৯/১১০০, তাং- ১৯-০৮-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপির ২০১৮-২০১৯ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের ৮টি প্যাকেজের সমন্বয়ে ৭৪ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে ৩৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা প্রাক্কলিত মূল্যের বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (ঘ) বর্ণিত প্রশিক্ষণ প্যাকেজের চুক্তিমূল্য ওপিতে অনুমোদিত প্রাক্কলিত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টস-এর অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (চ) প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর প্রশিক্ষণ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং দলগতভাবে প্রশিক্ষণের প্রায়োগিক দিক সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করতে হবে;
- (ছ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারিগণের ডাটাবেজ তৈরি করতে হবে;
- (জ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঝ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
বিএমআরসি ভবন
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।